



জামায়াত আমিরের সঙ্গে জাতিসংঘ আবাসিক সমন্বয়কারীর সৌজন্য সাক্ষাৎ



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামের আমির ডা. শফিকুর রহমান ও জাতিসংঘ ঢাকাস্থ আবাসিক সমন্বয়কারী গোয়েন লুইস সৌহার্দ্যপূর্ণ সাক্ষাতে মানবাধিকার, রোহিঙ্গা সমস্যা এবং আসন্ন নির্বাচনের বিষয়ে মতবিনিময় করেছেন।

মঙ্গলবার (৭ অক্টোবর) সকাল ৯টায় রাজধানীর বসুন্ধরায় জামায়াত আমিরের কার্যালয়ে অনুষ্ঠিত সাক্ষাতে জামায়াত আমির ডা. শফিকুর রহমান ও জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী গোয়েন লুইস উপস্থিত ছিলেন। সাক্ষাৎটি অত্যন্ত আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয় বলে জানিয়েছে জামায়াতের প্রচার বিভাগ।

জাতিসংঘের আবাসিক প্রতিনিধির মানবাধিকার বিষয়ক উপদেষ্টা হুমা খানও বৈঠকে অংশ নেন। আলোচনায় বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি, রাজনৈতিক অবস্থা, রোহিঙ্গা সমস্যা এবং আসন্ন জাতীয় নির্বাচন নিয়ে মতবিনিময় হয়।

জামায়াত আমির বৈঠকে উল্লেখ করেন, আসন্ন নির্বাচন বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ, যা অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্যভাবে সম্পন্ন হওয়া উচিত। তিনি জাতিসংঘের সহযোগিতা ও কারিগরি সহায়তার প্রত্যাশা ব্যক্ত করেন। এছাড়া বৈঠকে নারী সমাজের অধিকার, কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি এবং বাংলাদেশের সার্বিক উন্নয়নে জাতিসংঘের অব্যাহত সমর্থনের প্রয়োজনীয়তাও আলোচিত হয়।

এ সময় আরও উপস্থিত ছিলেন সংগঠনের সেক্রেটারি জেনারেল ও সাবেক এমপি অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এবং সুপ্রিম কোর্টের আইনজীবী মীর আহমাদ বিন কাসেম।